

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-১৬৯-আইন/২০১৮/৭৯২-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৭৮ ও S০৯৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৭৮ S০৭৮.০০ তৈরী পোশাক বিপণনঃ

“তৈরী পোশাক বিপণন” অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত (নিজস্ব ব্র্যান্ড হউক বা না হউক) যে কোন ধরনের তৈরী পোশাকের উৎপাদন ও বিপণনকে বুঝাইবে।

ব্যাখ্যা।—

(ক) নিজস্ব ব্র্যান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণনঃ

“নিজস্ব ব্র্যান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণন” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, নিজস্ব ব্র্যান্ড বা ট্রেডমার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোশাক নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো-রুম বা বিপণন কেন্দ্র থেকে পণের বিনিময়ে বিক্রয় করেন; এবং

(খ) নিজস্ব ব্রান্ড ব্যতীত তৈরী পোশাক বিপণনঃ

“নিজস্ব ব্রান্ড ব্যতীত তৈরী পোশাক বিপণন” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, সকল প্রকার পরিধেয় পোশাক নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার ব্যতীত নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন করিয়া পণের বিনিময়ে বিক্রয় করেন।

S০৭৯ S০৭৯.০০ ভার্সুয়াল বিজনেসঃ

ব্যাখ্যা।- “ভার্সুয়াল বিজনেস” অর্থ যে কোন ধরনের নিজস্ব বিক্রয় বা ব্যবসা কেন্দ্র ব্যতীত ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট বা ওয়েব বা সোশ্যাল মিডিয়া বা মোবাইল এপ্লিকেশন ভিত্তিক প্ল্যাটফরম বা অনুরূপ যে কোন মিডিয়া ব্যবহার করিয়া কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় বা হস্তান্তরকে বুঝাইবে, তবে টেলিকম অপারেটরগণকে প্রদত্ত যে কোন ধরনের মোবাইল ভ্যালু এ্যাডেড সার্ভিস ইহার অন্তর্ভুক্ত হইবে না।

S০৯৯ S০৯৯.১০ “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)”

ব্যাখ্যা।- “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)” অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Software Development and Customization, Web Site Development and Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document Conversion, Imaging and Archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-Procurement and E-Auction.”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূইয়া, এনডিসি)
চেয়ারম্যান**